

চিনিকলের প্রাথমিক তথ্যাবলি

চিনিকলের নাম: জয়পুরহাট সুগার মিলস্ লিমিটেড, জয়পুরহাট।

অবস্থান : জয়পুরহাট সদর, জয়পুরহাট। ফোন: ০৫৭১-৬২২১৯, ০৫৭১-৬২৩৮৩ বাসা: ০৫৭১-৬২৩২০ ফ্যাক্স-০৫৭১-৬২৩৮৩

প্রতিষ্ঠাকাল : ১৯৬০ খ্রি.

চিনিকলের বাৎসরিক চিনি উৎপাদন ক্ষমতা: ২০,৩২০ মে. টন

চিনিকল ও প্রতিষ্ঠানের এলাকার ছবি (সকল যন্ত্রপাতির ছবিসহ) :





- # কল এলাকায় মোট আয়তন কত?
মোট: ২১৬.৯৯ একর (আখ ক্রয় কেন্দ্রসহ)।
- # মোট চাষের জমির পরিমাণ কত?
খামার ৬৫.৫৯ একর

চিনি বিক্রয়ের ধরণগুলো কি কি ?

চিনি বিক্রয়ের ধরণগুলো:-

(ক) ডিলারের মাধ্যমে:

- (১) হোলসেল/রুপান্তর ডিলার
- (২) জেলা/থানা ডিলার
- (৩) স্বয়ংক্রিয় শিল্প

(খ) সংরক্ষিত খাতসমূহ:

- (১) সেনাবাহিনী
- (২) পুলিশ বাহিনী
- (৩) বিজিবি
- (৪) ফায়ার সার্ভিস
- (৫) ক্যাডেট কলেজ
- (৬) আখচাষি
- (৭) মিলস্ রেশন

(গ) অন্যান্য খাতসমূহ:

- (১) রপ্তানি
- (২) TCB
- (৩) ঈদ উপলক্ষে বিক্রয়

(ঘ) ফ্রি-সেলে মাধ্যমে:

- (১) সদর দপ্তরের মাধ্যমে
- (২) খোলা বাজার
- (৩) মিলস্ গেট
- (৪) ১/২ কেজি, ১ কেজি, ২ কেজি প্যাকেটের মাধ্যমে

আখ চাষ, চিনি উৎপাদন ও বিপণন

চিনিকলের বর্তমান সার্বিক সমস্যাসমূহ এবং সমস্যা থেকে উত্তরণের প্রস্তাবনাসমূহ কি কি?

চিনিকলের বর্তমান সমস্যা:

- ক) কাঁচামাল এর অভাব।
- খ) কারখানার যন্ত্রপাতিসমূহ পুরানো।
- গ) দক্ষ জনবলের অভাব।

সমস্যা উত্তরণের জন্য প্রস্তাবনা:

- ক) অন্যান্য ফসলের সাথে সামঞ্জস্য রেখে আখের মূল্য বৃদ্ধি ও সময়মত আখের মূল্য পরিশোধ নিশ্চিত করণের ব্যবস্থা গ্রহণ।
- খ) পুরাতন যন্ত্রপাতি পরিবর্তন ও আধুনিকায়ন করণ।
- গ) নিয়োগ ও প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ জনবল তৈরিকরণ। কর্মকর্তা পর্যায়ে দেশে-বিদেশে প্রশিক্ষণ প্রয়োজন।

চিনিকলের উৎপাদনের পরিমাণ কমে যাবার কারণসমূহ বিস্তারিত। উৎপাদন বৃদ্ধিতে কি কি উদ্যোগ নেয়া হয়েছিল? আর কি কি করণীয়?

কারখানায় উৎপাদন কমে যাওয়ার কারণ:

- ক) গুণগত মান সম্পন্ন পর্যাপ্ত আখের অভাব।
- খ) জরাজীর্ণ যন্ত্রপাতি ও ভ্যাসেলসমূহ।
- গ) কারখানার টেকনিক্যাল পদসমূহে যেমন- প্যানম্যান, জুস সুপারভাইজার, সালফিটেশন মেট, ইভাপরেটর মেট, মেকানিক, ফোরম্যান এ সব পদে দক্ষ জনবলের অভাব।

উৎপাদন বৃদ্ধিতে গৃহীত পদক্ষেপ:

- ক) অধিক চিনি সমৃদ্ধ এবং গুণগত মান সম্পন্ন জাতের আখ মাঠ পর্যায়ে বিস্তারের পদক্ষেপ গ্রহণ।
- খ) বিভিন্ন প্রকল্পের মাধ্যমে কারখানার পুরাতন যন্ত্রপাতি পরিবর্তনের কাজ চলছে।
- গ) দক্ষ জনবল তৈরির জন্য প্রতিবছর চাকুরিকালীন প্রশিক্ষণের ব্যবস্থা করা হচ্ছে।

স্থানীয়ভাবে আখের চাষ বৃদ্ধিতে কি কি উদ্যোগ গ্রহণ করা হয়েছিল? আর কি কি গ্রহণ করা যেতে পারে?

জয়পুরহাট সুগার মিলস্ লি. এ স্থানীয়ভাবে আখের চাষ বৃদ্ধিতে নিম্নলিখিত উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

আখচাষে গৃহীত উদ্যোগসমূহ:

- ১। চাষি যোগাযোগ বৃদ্ধির লক্ষ্যে সর্বাঙ্গিক প্রচেষ্টা গ্রহণ করা হয়।
- ২। মিল পর্যায়ে বিভিন্ন শ্রেণির আখচাষিদের সাথে মতবিনিময় করা হয়।
- ৩। আখচাষ বৃদ্ধির লক্ষ্যে সাবজোনে চাষি মিটিং এবং উঠান বৈঠকের মাধ্যমে প্রতিনিয়ত চাষিদের আখ চাষে উদ্বুদ্ধ করা হয়।
- ৪। সংবাদ বুলেটিন, প্রতিমাসে চাষি বার্তা প্রকাশ ও স্থানীয় টিভি চ্যানেলের মাধ্যমে আখচাষের সুফল প্রচার করা হয়।
- ৫। আখের ফলন বৃদ্ধির জন্য চাষি প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়।
- ৬। সিডিএ'দের কর্মদক্ষতা বৃদ্ধির লক্ষ্যে চাকুরিকালীন প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।
- ৭। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ২০১৮-১৯ মাড়াই মৌসুম হতে আখের মূল্য বৃদ্ধির বিষয়টি চাষিদের মাঝে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।
- ৮। যমুনা সার কারখানা হতে ইউরিয়া, টিএসপি কমপেন্ডক্স থেকে টিএসপি, পদ্মা অয়েল মিল হতে ফুরাডান সংগ্রহ করে চাষিদের মাঝে ঋণে বিতরণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।
- ৯। আখ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ই-গেজেট, ই-পুর্জির মাধ্যমে আখ ক্রয়ের ব্যবস্থা নেয়া হয়েছে।
- ১০। ডিজিটাল ওয়েব্রীজের মাধ্যমে আখের ওজন নেয়ার ব্যবস্থা করা হয়েছে।
- ১১। শিওর ক্যাশ মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে আখের মূল্য পরিশোধের কাজ চলমান।
- ১২। ইক্ষু উন্নয়ন সহকারি, সাবজোনে নিয়োজিত কর্মকর্তাগণ প্রতিদিন চাষি যোগাযোগ, পরামর্শ প্রদান, বিভিন্ন কলাকৌশল হাতে হাতে দেখিয়ে দেওয়ার কাজ অব্যাহত রেখেছে।
- ১৩। উন্নত জাতের উচ্চ ফলনশীল আখের জাত ব্যবহার করে আখের ফলন বৃদ্ধির চেষ্টা অব্যাহত আছে।
- ১৪। উন্নত প্রযুক্তি ব্যবহার করে আখের ফলন বৃদ্ধির জন্য চাষিদের পরামর্শ দেয়া হচ্ছে।

আখচাষে গৃহীত পদক্ষেপসমূহ:

- ১। বিভিন্ন মৌসুমী সজী ও ফসলের মূল্যের সাথে সামঞ্জস্য রেখে আখের মূল্য নির্ধারণ করতে হবে।
- ২। অন্যান্য ফসলের ন্যায় উচ্চ ফলনশীল (হাইব্রিড) আখের জাত উদ্ভাবন করতে হবে।

- ৩। রোগ বালাই প্রতিরোধী অধিক চিনি সমৃদ্ধ (রিকভারি) উচ্চক্ষমতা সম্পন্ন আখের জাত উদ্ভাবন করতে হবে।
- ৪। আখ আবাদযোগ্য উচু জমিগুলো মৌসুমী সজী ও অন্যান্য ফসল দখল করায় নিচু জমিতে আবাদযোগ্য একাধিক আখের জাত উদ্ভাবন করতে হবে।
- ৫। সারের যথোপযুক্ত ব্যবহার নিশ্চিতকরণের জন্য মিলজোন এলাকায় মাটির বিশ্লেষণের ব্যবস্থা সহজতর করা প্রয়োজন।
- ৬। চিনি শিল্প রক্ষায় আখ চাষিদের উদ্বুদ্ধকরণের লক্ষ্যে চাষিদের আখ চাষে প্রনোদনা/ভর্তুকি দেয়ার ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ৭। সময়মত আখের মূল্য পরিশোধের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

ইক্ষু ক্ষেত হতে চিনিকল সমূহে যোগাযোগের রাস্তা সমূহ কি উন্নতমানের? এ বিষয়ে চিনিকল এর পক্ষ হতে কি ধরনের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে (ছবিসহ)?

ইক্ষু খেত হতে চিনিকল সমূহে যোগাযোগের রাস্তা সমূহ কিছু রাস্তা কাঁচা, কিছু রাস্তা সেমিপাকা এবং অর্ধেক পাকা।

চিনিকলের গৃহীত পদক্ষেপ সমূহ:

- ১) প্রতি বর্ষা মৌসুমে ক্ষতিগ্রস্ত ও মাড়াই মৌসুম শুরুর পূর্বে ইক্ষু পরিবহনের রাস্তাসমূহ মিল থেকে সংস্কার করে ইক্ষু গাড়ী চলাচলের উপযোগী করা হয়।
- ২) ইক্ষু বোঝাই গাড়ী নদী বা খাল পারাপারের জন্য অস্থায়ী বাঁশের পুল কালভার্ট ও ছোট ব্রিজ নির্মাণ করা হয়।
- ৩) প্রতি বছর সুগারসেস পলম্বী সড়ক নির্মাণ তহবিল হতে মিলজোন এলাকার রাস্তা কার্পেটিং, ব্রিক সলিং, এইচ বিবি এবং খোয়া কনসোলিডেশন কাজ সম্পন্ন করা হয়। (ছবি সংযুক্ত)

ইক্ষু সংগ্রহ কেন্দ্র (আখ সেন্টার) হতে আধুনিক পদ্ধতিতে ওজন, লোডিং সিস্টেম এবং স্বল্প সময়ের মধ্যে চিনিকলে আগমনের বিষয়ে কি কি পদক্ষেপ গ্রহণ করা হয়েছে (ছবিসহ)?

- ১) মিলের ৬৩ টি আখ ক্রয় কেন্দ্রে ডিজিটাল ওয়েব্রীজের মাধ্যমে আখ ক্রয় করা হয়।
- ২) শ্রমিক ঠিকাদারের মাধ্যমে মিলের নিজস্ব পরিবহনে আখ লোডিং করা হয়।
- ৩) মিলের নিজস্ব পরিবহন এবং মিলস্ গেটে ভ্যান ও পাওয়ার ট্রলি দ্বারা স্বল্প সময়ের মধ্যে চিনিকলে আখ সংগ্রহ করা হয়।

ছবি সংযুক্ত

চিনি বিপণনে সমস্যাসমূহ কি কি? এগুলো থেকে কিভাবে উত্তরণ ঘটানো যায়?

চিনি বিপণনে সমস্যাসমূহ:

(ক) দামের পার্থক্য- বেসরকারী চিনিকলের উৎপাদিত চিনির মূল্য সরকারী চিনিকলে উৎপাদিত চিনির মূল্য থেকে কম, বিধায় সরকারী চিনিকলে উৎপাদিত চিনি বিক্রয় হয় না।

উত্তরণ ঘটানোর উপায়:

- (ক) চিনি আমদানির নিয়ন্ত্রণ সম্পূর্ণভাবে বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশনের হাতে থাকতে হবে।
- (খ) টিসিবি কর্তৃক বিক্রিত চিনি সম্পূর্ণভাবে সরকারী চিনিকলে উৎপাদিত চিনি হতে হবে।

চিনিকলের অধীন চাষাবাদযোগ্য (আবাদী ও অনাবাদী) জমির সর্বোচ্চ ব্যবহারের জন্য কি কি উদ্যোগ গ্রহণ করা হয়েছে তার সাফল্যসহ বিস্তারিত বিবরণ।

মিলস্ খামারের আওতাধীন চাষযোগ্য জমিতে পর্যায়ক্রমে আখের আবাদ করা হয়ে থাকে।

অনাবাদী জমিতে-

- ক) ড্রাগন: মিলের মেডিক্যাল সেন্টারের পার্শ্বে পতিত ড্রাগনের চারা রোপণ করা হয়েছে। ০.৫০ শতক
- খ) নারিকেল: জটিক জামে মসজিদের পশ্চিম, তাজুরমোড় সংলগ্ন ব্যাগাছ ইয়ার্ড ও সাধারণ মিলনায়তন সংলগ্ন পতিত জমিতে ৪০০ টি ভিয়েতনাম ওপি খাটো জাতের হাইব্রিড নারিকেল চারা রোপণ করা হয়েছে। ১.৫০ একর
- গ) মিষ্টি কুমড়া: নারিকেল বাগানে সাথি ফসল হিসেবে বীজ বোপন করা হয়েছে।
- ঘ) লাউ ও সীম: মিলের পরীক্ষামূলক খামারের লেগুনের উভয় পার্শ্বে (০.৩০+০.৩০) একর পতিত জমিতে শিম ও লাউ চাষ করা হয়েছে।
- ঙ) লতিরাজ কচু: পরীক্ষামূলক খামারের জমিতে অন্তর্বর্তী সময়ে ফসল হিসেবে ১.২৫ একর জমিতে লতিরাজ কচু আবাদ করা হয়েছে।
- চ) সুগার বিট: ১.০০ একর জমিতে BSRI এর তত্ত্বাবধানে পরীক্ষামূলকভাবে সুগারবিট চাষ করা হয়েছে।
- ছ) মাশরুম: মিল ক্যাম্পাসের পরিত্যক্ত ভবনে মাশরুম চাষ করার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।
- জ) ধান: মিলের পরীক্ষামূলক খামারের আবাদী জমিতে আখের অন্তর্বর্তী সময়ে ২০.০০ একর জমিতে ধান চাষ করা হয়েছে।
- ঝ) পাট: জটিক খামারের আবাদী জমিতে আখের অন্তর্বর্তী সময়ে ৫.০০ (পাঁচ) একর জমিতে পাট চাষ করা হয়েছে।

চিনির বাই-প্রোডাক্ট ও এর ব্যবহার

কি কি বাইপ্রোডাক্ট উৎপন্ন হয় ? বিগত ১০ বছরে উৎপন্ন বাই প্রোডাক্ট উৎপন্নের পরিমাণ এবং বিক্রির পরিমাণ ও আয়ের পরিমাণ কত ?

চিটাগুড় (Molasses), ফিণ্টার কেক (Pressmud) ও ছোবড়া (Bagasse) উৎপন্ন হয়।

চিটাগুড় উৎপাদন, বিক্রয় ও আয়ের হিসাব বিবরণী:

| অর্থ বছর/ মাড়াই মৌসুম | উৎপাদনের পরিমাণ (মে: টন) | বিক্রয় পরিমাণ (মে: টন) | মোট মূল্য (টাকা) | নীট মূল্য (টাকা) | ভ্যাট ও আয়কর (টাকা) |
|---------------------------|--------------------------------|-----------------------------|------------------|------------------|-------------------------|
| ২০০৮-২০০৯ | ২৬৪৯.০০ | ৫২২৫.৯৭ | ৪১,৪৩১,০৩৬.৮১ | ৩৪,১৮৪,৪৩২.৪৪ | ৭,২৪৬,৬০৪.৩৭ |
| ২০০৯-২০১০ | ২০৩৫.০০ | ১১৬৯.২৬ | ৪,১১০,০৭২.০০ | ৩,৩৮২,৭৭৬.০০ | ৭২৭,২৯৬.০০ |
| ২০১০-২০১১ | ৩৭৪৩.০০ | ৮২১.০০ | ১৬,৩৩৪,৪১৯.০০ | ১৩,২৮০,০১৫.০৯ | ৩,০৫৪,৪০৩.৯১ |
| ২০১১-২০১২ | ২৩৭৯.০০ | ১০০০.০০ | ৪,২৮৬,৭২০.০০ | ৩,৪৮৫,১৩৮.১৯ | ৮০১,৫৮১.৮১ |
| ২০১২-২০১৩ | ৩৪১০.০০ | ৫১৭০.০০ | ৩২,৬৬৬,০৭৯.৪১ | ২৬,৭৫০,০৭৯.৬৫ | ৫,৯১৫,৯৯৯.৭৬ |
| ২০১৩-২০১৪ | ৪৭৮০.০০ | ৬১৫৪.১৩ | ৪৯,৯২১,৫০৬.৯৭ | ৪০,৭৭০,৯৯২.৯৮ | ৯,১৫০,৫১৩.৯৯ |
| ২০১৪-২০১৫ | ৩০৯০.০০ | ২২১৫.৩৯ | ২২,০৩১,২৭৭.১৮ | ১৭,৭৬৭,১৬১.৭৪ | ৪,২৬৪,১১৫.৪৪ |
| ২০১৫-২০১৬ | ১৬৬০.০০ | ৪৫৬৬.৪৩ | ৭০,৭৬৬,৭০২.৫২ | ৫৭,০৬৯,৯৩০.৯৮ | ১৩,৬৯৬,৭৭১.৫৪ |
| ২০১৬-২০১৭ | ২০৬৫.০০ | ১৪৩৩.৫৭ | ২৯,৭৫৭,৬৪৭.৪৮ | ২৩,৮৬৪,১৯৯.০২ | ৫,৮৯৩,৪৪৮.৪৬ |
| ২০১৭-২০১৮ | ২৩০৩.০০ | ১৫৭৫.০০ | ৩২,৯৮৬,০০০.০০ | ২৬,৩৮৮,৮০০.০০ | ৬,৫৯৭,২০০.০০ |

বিগত ১০ বছরের ফিল্টার কেক (প্রেসমাদ/ডিকম্পোজড) এর উৎপাদন, বিক্রয় ও আয়ের হিসাব বিবরণী:

| অর্থ বছর/ মাড়াই মৌসুম | ফিল্টার কেক এর পরিমাণ (মে.টন) | বিক্রয়ের পরিমাণ | | মোট মূল্য (টাকা) | নীট টাকা | ভ্যাট ও আয়কর (টাকা) |
|---------------------------|----------------------------------|------------------|--------|---------------------|------------|-------------------------|
| | | মে: টন | ট্রলি | | | |
| ২০০৮-০৯ | ১৯০০ | বিক্রি নাই | - | - | - | - |
| ২০০৯-১০ | ১৪৫০ | ১৯৮.০০ | - | ১০৪৫৪৫.০০ | ১০৩০০০.০০ | ১৫৪৫.০০ |
| ২০১০-১১ | ২৬৮০ | ৪৪৩.৫৮ | - | ২৭২৮০২.০০ | ২২১৭৯০.০০ | ৫১০১২.০০ |
| ২০১১-১২ | ১৬৯৬ | ২৬৩.৯৫ | - | ১৬২৩২৯.০০ | ১৩১৯৭৫.০০ | ৩০৩৫৪.০০ |
| ২০১২-১৩ | ২৪১৭ | - | ২২১.০০ | ২১০৯৬২.০০ | ১৯৭৩০৯.০০ | ১৩৬৫৩.০০ |
| ২০১৩-১৪ | ৩৩৯৩ | - | ৩৩৮.০০ | ৩২২৬৪৮.০০ | ৩০১৭৬৬.০০ | ২০৮৮২.০০ |
| ২০১৪-১৫ | ২১৬৭ | - | ২৮৫.০০ | ২৭২০৫৫.০০ | ২৫৪৪৪৮.০০ | ১৭৬০৭.০০ |
| ২০১৫-১৬ | ১১৭০ | বিক্রি নাই | - | - | - | - |
| ২০১৬-১৭ | ১৪৫৩ | ৫৮৪.২৬ | - | ৩৯২১৩০.০০ | ৩৬২২৪১.০০ | ২৯৮৮৯.০০ |
| ২০১৭-১৮ | ১৫৮৮ | ১০৫০.০০ | - | ৬৫১০০০.০০ | ৫২৫০০০.০০ | ১২৬০০০.০০ |
| সর্বমোট | ১৯৯১৪.০০ | ২৫৩৯.৭৯ | ৮৪৪.০০ | ২৩৮৮৪৭১.০০ | ২০৯৭৫২৯.০০ | ২৯০৯৪২.০০ |

বি.দ্র. : উৎপাদনকালীন ফিল্টার কেকে ৮০-৮৫% ময়েশ্চার থাকে। ফিল্টার কেক জৈবসার হিসেবে ব্যবহার করা হয়।

ছোবড়া (Bagasse) উৎপাদন, বিক্রয় ও আয়ের হিসাব বিবরণী:

| অর্থ বছর/ মাড়াই মৌসুম | ইক্ষু মাড়াই (মে.টন) | উৎপাদনের পরিমাণ (মে. টন) | বিক্রয় ও আয়ের পরিমাণ |
|---------------------------|----------------------|-----------------------------|--|
| ২০০৮-০৯ | ৭০,৪০০ | ২৪,৫৭৭ | সম্পূর্ণ ব্যাগাস বয়লারে ফুয়েল হিসেবে ব্যবহার হয়ে থাকে। |
| ২০০৯-১০ | ৫৩,৭৩৩ | ১৮,৭৩১ | |
| ২০১০-১১ | ৯৯,৬০৭ | ৩৪,৭৮৩ | |
| ২০১১-১২ | ৬৩,০৪৮ | ২১,৯৬৬ | |
| ২০১২-১৩ | ৯০,১৯২ | ৩২,৬১২ | |
| ২০১৩-১৪ | ১২৬,১৩৪ | ৪৩,৯৯৬ | |
| ২০১৪-১৫ | ৮১,৪৭৪ | ২৭,৮৭২ | |
| ২০১৫-১৬ | ৪৪,৩০৭ | ১৫,১৩১ | |
| ২০১৬-১৭ | ৫৫,০৬২ | ১৮,৮৩১ | |
| ২০১৭-১৮ | ৬১,০৯৪ | ২১,১৩৯ | |

দক্ষ জনবল তৈরিতে গৃহীত উদ্যোগসমূহ কি কি ?

- ১। চাকরিকালীন প্রশিক্ষণ দেয়া হয়।
- ২। চাকরিকালীন বাস্তব প্রশিক্ষণ দেয়া হয়।

চিনিকলের সকল কর্মকর্তা-কর্মচারীদের জন্য চিকিৎসা, যাতায়াত, আবাসনসহ অন্যান্য কি কি সুযোগ সুবিধা রয়েছে ?

- ১ টি চিকিৎসা কেন্দ্র, আবাসিক কলোনী রয়েছে এবং শ্রমিকদের যাতায়াত ভাতা দেয়া হয়।

চিনিকলে সিবিএ'র সংখ্যা এবং তাদের সদস্য সংখ্যা কত ?

সিবিএ-১ (এক) টি, সদস্য-১১ (এগারো) জন।

চিনিকল হতে প্রতিবছর কি পরিমাণ অর্থরাজস্ব খাতে জমা হয় (বিগত ১০ বছরের তথ্য)।

| সাল | রাজস্ব খাতে জমা টাকার পরিমাণ |
|-----------|------------------------------|
| ২০০৮-২০০৯ | ১০,৫০১,২২০ |
| ২০০৯-২০১০ | ৮,৮৯২,২২০ |
| ২০১০-২০১১ | ৮,৫৮৮,৩২০ |
| ২০১১-২০১২ | ৭,০০৪,৭৫০ |
| ২০১২-২০১৩ | ১৪,০২৫,১৩০ |
| ২০১৩-২০১৪ | ১৭,১১০,২৩০ |
| ২০১৪-২০১৫ | ১৫,৫০০,৫৭০ |
| ২০১৫-২০১৬ | ২৪,৮১৫,১৭৫ |
| ২০১৬-২০১৭ | ১৩,৬৩৮,৪৫০ |
| ২০১৭-২০১৮ | ১১,১১৮,৫২৫ |

চিনিকলের যন্ত্রপাতি ও আধুনিকায়ন

২২। চিনিকলের যন্ত্রপাতিসমূহের বর্তমান অবস্থার বিস্তারিত তথ্য:

কারখানার বিভিন্ন হাউজের যন্ত্রপাতি সমূহের বর্তমান অবস্থার বিস্তারিত তথ্যঃ

হাউজের নাম:- মিল হাউজ

| ক্র.নং | যন্ত্রাংশেরনাম | সংখ্যা | স্থাপনকাল | বর্তমানঅবস্থা | মমত্বাব্য |
|--------|----------------|--------|-----------|---|--|
| ১ | ফিড টেবিল | ০১ | ১৯৮৩ | দীর্ঘ দিনের পুরাতন, মেরামত করে চালানো হচ্ছে। | |
| ২ | ই.ও.টি ফ্রেন | ০১ | ১৯৬২ | দীর্ঘ দিনের পুরাতন হয়, গিয়ার বক্স ও অন্যান্য যন্ত্রাংশ মেরামত করে চালানো হচ্ছে। | |
| | ই.ও.টি ফ্রেন | ০১ | ১৯৮৩ | | |
| ৩ | নাইফ হোল্ডার | ৩ সেট | ১৯৬২ | আরজেসি,কুষ্টিয়া হতে মেরামত/নতুন করে চালানো হচ্ছে। | |
| ৪ | হেডষ্টক | ০৮টি | ১৯৬২ | ১টি হেডষ্টক ক্র্যাকরয়েছে, মেরামত করে চালানো হচ্ছে | ১০টি হেডষ্টকই জরাজীর্ণ দ্রুত পরিবর্তন করা প্রয়োজন |
| | হেডষ্টক | ০২টি | ১৯৭২ | | |
| ৫ | মিলটারাইন | ০২টি | ১৯৬২ | দীর্ঘ দিনেরপুরাতন , মেরামত করে চালানো হচ্ছে। | পরিবর্তন করা প্রয়োজন |
| | মিলটারাইন | ০১টি | ১৯৭২ | | |

হাউজের নামঃ- বয়লার হাউজ:

| ক্র.নং | যন্ত্রাংশের নাম | সংখ্যা | স্থাপনকাল | বর্তমান অবস্থা | মমত্বব্য |
|--------|-----------------|--------|-----------|--|--------------------------|
| ১ | বয়লার ১৬ টন | ০৩ টি | ১৯৬২ | ৪ টি বয়লারই দীর্ঘ দিনের পুরাতন। মেরামত করে চালানো হচ্ছে। | পরিবর্তন করা প্রয়োজন |
| | বয়লার ১৬ টন | ০১টি | ১৯৭২ | | |
| | বয়লার ৪০ টন | ০১ টি | ২০১৬ | ২০১৬-২০১৭ মাড়াই মৌসুম হতে চালানো হচ্ছে। | |

হাউজের নামঃ- পাওয়ার হাউজ:

| ক্র.নং | যন্ত্রাংশের নাম | সংখ্যা | স্থাপনকাল | বর্তমান অবস্থা | মমত্বব্য |
|--------|----------------------------------|--------|-----------|---|---|
| ১ | পাওয়ার টারবাইন ১ মেগাওয়াট | ০২ টি | ১৯৬০ | দীর্ঘ দিনের পুরাতন এবং স্টীম কনজামশান বেশি হওয়ায় চাহিদামত বিদুৎ সরবরাহ পাওয়া যায় না। | |
| ২ | পাওয়ার টারবাইন ১.৫ মেগাওয়াট | ০১টি | ১৯৭২ | দীর্ঘ দিনের পুরাতন। মেরামত করে চালানো হচ্ছে। মৌসুম চলাকালিন টারবাইনের সমস্যা দেখা দিলে মাড়াই বন্ধকরে টারবাইনটি মেরামত করতে হয়। | জরুরীভিত্তিতে ১টি নতুন পাওয়ার টারবাইন স্থাপন করা প্রয়োজন। |
| ৩ | ষ্টর্ক ডিজেল ইঞ্জিন | ১টি | ১৯৬৮ | মেরামতের অযোগ্য | |
| ৪ | দাইয়ুডিজেল ইঞ্জিন | ১টি | ১৯৯৮ | মেরামত করে চালানো হচ্ছে, দীর্ঘ দিন ব্যবহারের ফলে বিদুৎ উপাদান ক্ষমতাহ্রাস পেয়েছে। | নতুন ১টি ডিজেল ইঞ্জিন স্থাপন করা প্রয়োজন। |

হাউজের নামঃ- বয়লিং হাউজ:

| ক্র.নং | যন্ত্রাংশেরনাম | সংখ্যা | স্থাপনকাল | বর্তমান অবস্থা | মমত্বব্য |
|--------|--|--------|-----------|---|--|
| ১ | জুস হিটার | ৫টি | ১৯৬২ | দীর্ঘ দিনের পুরাতন হওয়ায় ৫টির মধ্যে ৩টি পরিবর্তন করা হয়েছে। | অবশিষ্ট ২টি শীঘ্রই পরিবর্তন করা প্রয়োজন। |
| ২ | ইভাপারেটর | ৪টি | ১৯৬২ | দীর্ঘ দিনের পুরাতন। মেরামত করে চালানো হচ্ছে। | পরিবর্তন করা প্রয়োজন। |
| | ইভাপারেটর | ১টি | ১৯৭২ | | |
| ৩ | প্যান | ৩টি | ১৯৬২ | দীর্ঘ দিনের পুরাতন। মেরামত করে চালানো হচ্ছে। | পরিবর্তন করা প্রয়োজন। |
| | প্যান | ১টি | ১৯৭২ | | |
| ৪ | র্যাপিডোরক্লারিফায়ার | ১টি | ১৯৬২ | বিভিন্ন অংশ ক্ষয়প্রাপ্ত হয়, মেরামত করে চালানো হচ্ছে। | পরিবর্তন করা প্রয়োজন |
| ৫ | রোটোরিভাকুয়ামফিল্টার | ১টি | ১৯৬২ | দীর্ঘ দিনের পুরাতন। মেরামত করে চালানো হচ্ছে। | পরিবর্তন করা প্রয়োজন |
| | রোটোরিভাকুয়ামফিল্টার | ১টি | ১৯৭২ | | |
| ৬ | ব্যাচ টাইপফুল অটোমেটিক 'এ' সেন্দ্রিফিউগ্যাল | ৩টি | ১৯৯৪ | দীর্ঘ দিনের পুরাতন হওয়ায় মৌসুম চলাকালিন অনাকাঙ্ক্ষিত যান্ত্রিক ত্রুটি দেখা দেয়। | পরিবর্তন করা প্রয়োজন |
| ৭ | 'বি' কন্টিনিউয়াস সেন্দ্রিফিউগ্যাল | ১টি | ১৯৯০ | দীর্ঘ দিনের পুরাতন। মেরামত করে চালানো হচ্ছে। | পরিবর্তন করা প্রয়োজন |
| ৮ | 'সি' কন্টিনিউয়াস সেন্দ্রিফিউগ্যাল | ১টি | ১৯৮৪ | ১টি মেশিন দীর্ঘ দিনের পুরাতন, মৌসুম চলাকালিন প্রায়ই যান্ত্রিকত্রুটি দেখা দেয়। | ১টি মেশিন পরিবর্তন করা প্রয়োজন। |
| | 'সি' কন্টিনিউয়াস সেন্দ্রিফিউগ্যাল | ১টি | ২০১৩ | | |
| ৯ | সুগারহপার, ডায়ার | ১টি | ১৯৬২ | দীর্ঘ দিনের পুরাতন। মেরামত | পরিবর্তন করা প্রয়োজন। |

বর্তমান চিনিকলসমূহের আধুনিকায়নের জন্য কি কোন পদক্ষেপ গ্রহণ করা হয়েছে? গ্রহণ করা হলে সেগুলোর সবিস্তার বর্ণনাসহ উপস্থাপন করুন।

জয়পুরহাট সুগার মিলের আধুনিকায়নের জন্য গৃহীত পদক্ষেপঃ-

এ মিলের আধুনিকায়নের জন্য ২০১৬ সালে ৪০ মে.টন ক্ষমতা সম্পন্ন ১টি বয়লার স্থাপন করা হয়েছে। যা বর্তমানে ভাল চলছে।

গবেষণা

চিনিকলে আধুনিক গবেষণাগার রয়েছে কি? যদি না থাকে সে বিষয়ে কি কি পদক্ষেপ নেয়া যেতে পারে তা সুনির্দিষ্টভাবে উপস্থাপন করুন।

চিনিকলে কোন আধুনিক গবেষণাগার নেই। তবে চিনিকলের গবেষণাগার আধুনিকায়নের লক্ষ্যে নিম্নবর্ণিত পদক্ষেপসমূহ গ্রহণ করা যেতে পারে।

ক) আধুনিক গবেষণাগার তৈরীর লক্ষ্যে নিম্নলিখিত যন্ত্রপাতিসমূহ ক্রয়/স্থাপন করা যেতে পারে।

- ডিজিটাল পোলারিমিটার
- ডিজিটাল রিফ্র্যাক্টোমিটার
- মাফেল ফার্নেস
- উন্নত মানের ডিজিটাল pH মিটার
- ডিজিটাল BOD & COD পরিমাপক যন্ত্র
- স্পেকট্রোফটোমিটার
- ময়েশচার এ্যানালাইজার

খ) এ্যানালিস্ট, রেকর্ড কেমিস্ট, ল্যাব কেমিস্ট ইত্যাদি পদে দক্ষ জনবল নিয়োগ দেয়া প্রয়োজন।

চিনি নীতিমালা

২৫। ভারত, পাকিস্তান ও শ্রীলংকার চিনি সংক্রান্ত নীতিতে কি কি বিষয় উল্লেখ করা হয়েছে? চিনি সংক্রান্ত সমস্যা সমাধানে কি কি উদ্যোগ গ্রহণ করা হয়েছে চিনি নীতিমালায়?

২৬। বাংলাদেশের চিনি সংক্রান্ত নীতিতে কি কি বিষয় অন্তর্ভুক্ত করা যেতে পারে?

২৭। বেসরকারি চিনিকলসমূহ সরকারের কাছে কি কি সুবিধা পাচ্ছে আর সরকারি চিনিকলসমূহ কি কি সুবিধা পাচ্ছে তার তুলনামূলক বর্ণনা।

পরিবেশ সুরক্ষা

চিনিকলের পরিবেশ সুরক্ষায় কি কি উদ্যোগ গ্রহণ করা হয়েছে?

চিনিকলের পরিবেশ সুরক্ষায় গৃহীত পদক্ষেপসমূহ:

ক) কারখানার নিজস্ব পতিত জমিতে বৃক্ষরোপন করা হয়েছে।

খ) ইটিপি স্থাপন প্রকল্প একনেকে পাশ হয়েছে। সদর দপ্তর কর্তৃক বাসআবায়ন কার্যক্রম প্রক্রিয়াধীন। মধ্যবর্তী পদক্ষেপ হিসাবে কারখানার তরল বর্জ্য প্রতিষ্ঠানের নিজস্ব জমিতে লেগুন খনন করে সংরক্ষণ পূর্বক তরল বর্জ্য চুন প্রয়োগে পরিশোধন করা হয়। যে পানি পরবর্তীতে খামারে সেচ কাজে ব্যবহৃত হয়।

গ) নতুন বয়লারে অ্যাশ কালেক্টরের মাধ্যমে অ্যাশ নিয়ন্ত্রণ করা হয়।

ঘ) প্রেসমাড মিলের বাহিরে না ফেলে জৈব সার হিসেবে ব্যবহারের জন্য মিল অভ্যন্তরে রাখা হয়।